

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র।

৪৬.০২০.০০৪.০১.০০.৯৩৬.২০১৬- ৪০৪২

তারিখ : ২৫/০২/১৬

বিষয় : রীট পিটিশন নং-১২৫০৩/২০১৬, বাদী- জনাব মোঃ আসাদুল্লাহ, কোম্পানী সচিব, উন্টারন্যাশনাল নীটওয়ার এবং এ্যাপারলেস লিঃ, বাড়ি নং-১৭, রোড নং-০২, ধানমন্ডি আবাসিক এলাকা, থানা ধানমন্ডি, জেলা-ঢাকা, কারখানা : সরাবো, কাশিমপুর, থানা, সদর জেলা গাজীপুর-বনাম-সরকার ও অন্যান্য।

গাজীপুর জেলায় অবস্থিত গার্মেন্টস ফ্যাক্টরির উপর কর নির্ধারণ সংক্রান্ত আদেশকে চ্যালেঞ্জ করে বিষয়ে উল্লিখিত বাদী বাংলাদেশ সরকারের সচিব, স্থানীয় সরকার বিভাগ এবং অন্যান্যদের প্রতিপক্ষ করে মহামান্য হাইকোর্ট বিভাগে ১২৫০৩/২০১৬ নং রীট মামলাটি দায়ের করেন। বাদী কর্তৃক দাখিলকৃত রীট মামলায় মহামান্য আদালত শোকজ প্রদান পূর্বক প্রতিপক্ষগণকে জবাব প্রদান করার জন্য রুলনিশি জারী করেছে।

২। এমতাবস্থায়, সরকারের পক্ষে মামলা প্রতিদ্বন্দ্বিতাসহ প্রয়োজনীয় ব্যবস্থা করতঃ এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

৩। বর্ণিত রীট পিটিশনে বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত : রুলের কপি।

(মোঃ ইশান আলী রাজা বাঙালী)
উপসচিব

ফোন-৯৫৪০৯৯৫।

Email-ishanaliraja@gmail.com

১। প্রধান নির্বাহী কর্মকর্তা
গাজীপুর সিটি কর্পোরেশন।

২। জেলা প্রশাসক
গাজীপুর।

সদয় অবগতির জন্য অনুলিপি :

১। মাননীয় মেয়র, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।

২। উপসচিব (সিটি কর্পোরেশন-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ।

৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।